

সড়ক দুর্ঘটনার সর্টিক পরিসংখ্যান তৈরিকল্পে বিআরটি-কে তথ্য প্রদান সংগ্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটি) কর্তৃক নিয়মিতভাবে গত জানুয়ারি/২০২৩ মাস থেকে সড়ক দুর্ঘটনার তথ্য জনসম্মুখে প্রকাশ করে যাচ্ছে। প্রকাশিত সড়ক দুর্ঘটনার এই তথ্য সারাদেশে বিআরটি'র ৬৪টি সার্কেল অফিসের মাধ্যমে সংগ্রহ করা হয়। একইসাথে পুলিশ বিভাগ ও পত্র পত্রিকায় প্রকাশিত রিপোর্টগুলো যাচাই বাচাই করা হয়। প্রত্যন্ত অঞ্চলে সংঘটিত কিছু সড়ক দুর্ঘটনার তথ্য পত্র পত্রিকা বা অন্য কোনো সংস্থার রিপোর্টেও আসে না। ফলে বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থার দুর্ঘটনার পরিসংখ্যানে গরমিল পরিলক্ষিত, যা বিভ্রান্তিকর। বিআরটি চায় সংঘটিত সকল সড়ক দুর্ঘটনার তথ্য সংগ্রহপূর্বক একটি স্বয়ংসম্পূর্ণ, সর্টিক ও বস্তুনির্ণয় সড়ক দুর্ঘটনার পরিসংখ্যান তৈরি করতে, যে কাজে সর্বসাধারণের সহযোগিতা একান্ত প্রয়োজন। দুর্ঘটনা ঘটা মাত্রই যদি নিকটস্থ বিআরটি অফিসে দুর্ঘটনার বিষয়টি তাৎক্ষণিকভাবে যে কেহ অবহিত করে তাহলে বিআরটি'র পক্ষে সর্টিক ও বস্তুনির্ণয় পরিসংখ্যান তৈরি করতে সহজ হবে।

এমতাবস্থায়, কোনো স্থানে সড়ক দুর্ঘটনা সংঘটিত হলে তাৎক্ষণিকভাবে নিকটস্থ বিআরটি অফিস অথবা বিআরটি সদর কার্যালয়ে (০১৫৫০০৫১৫৮২) দুর্ঘটনার বিষয়টি অবহিত করতে জনসাধারণের প্রতি অনুরোধ জ্ঞাপন করা হলো। এ বিষয়ে সরকারি বেসরকারি অন্যান্য সংস্থার সহযোগিতা পেলে বিআরটি'র পক্ষে সড়ক দুর্ঘটনার প্রকৃত চিত্র তুলে ধরা সহজ হবে, যা সড়ক দুর্ঘটনা হ্রাসে বিভিন্ন কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের সহায়ক হবে।



বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটি)

